গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পলাশবাড়ী, গাইবান্ধা
palashbari.gaibandha.gov.bd

স্মারক নং ০৫.৫৫.৩২৬৭.০০০.৩৬.০৫৪.২৩- ৫৯৫

তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা, ২০২১ অনুযায়ী গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হলো।

| ক্রং নং | পদের নাম | পদ সংখ্যা | মাসিক সম্মানী (সর্বসাকুল্যে) | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | পেশ ইমাম | ০১ (এক) | ১৫,০০০/- | ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রী/দাওরায়ে হাদিস পাস। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত-এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন।<br>গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ০২ | মুয়াজ্জিন | ০১ (এক) | ১০,০০০/- | ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত-এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন। |
| ০৩ | খাদিম | ০২ (দুই) | ৭৫০০/- | ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী।<br>খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে।<br>গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকবে হবে। |

**শর্তাবলীঃ**

১) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২) আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) জাতীয়তা (জ) শিক্ষাগত যোগ্যতা (ঝ) অভিজ্ঞতা এবং মোবাইল নম্বর উল্লেখপূর্বক স্ব-হস্তে সাদা কাগজে আবেদন করতে হবে।

৩) আবেদনপত্র আগামী ৩০/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে জনবল নিয়োগ কমিটি, পলাশবাড়ী এর বরাবর অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা সরাসরি পৌছাতে হবে। খামের উপর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।

৪) আবেদনকারীর বয়স ৩০/০৭/২০২৬ খ্রি. তারিখে ১ নং পদের জন্য অনূর্ধ্ব ৪৫ বছর এবং অন্যান্য পদের জন্য ১৮ হতে ৩০ বছর হতে হবে (বীর মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বৎসর)/সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

৫) আবেদনকারী প্রার্থীকে উপজেলা নির্বাহী অফিসার, পলাশবাড়ী বরাবর পেশ ইমাম ও মুয়াজ্জিন পদে ৫০০/- (পাঁচশত) টাকা এবং খাদিম পদে ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৬) আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ

ক) ১ম শ্রেণি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি।

খ) ১ম শ্রেণি গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূলকপি।

গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।

৭) কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। যদি কোন প্রার্থী একাধিক পদে আবেদন করেন তাহলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

CamScanner

৮) প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯) খামের উপরে ডান পার্শ্বে পদের নাম মোটা ও স্পষ্ট অক্ষরে লিখতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০) লিখিত/মৌখিক পরীক্ষা/ সাক্ষাৎকারের সময় প্রার্থীদের অবশ্যই সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদ ও প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

১১) কোন তথ্য গোপন করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২) বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন palashbari.gaibandha.gov.bd

১৩) উল্লেখ্য যে, ইতিপূর্বে যারা আবেদন করেছেন পুনরায় তাদের পূর্বের ব্যাংক ড্রাফটের ফটোকপিসহ আবেদন করতে হবে। তবে নতুন করে ব্যাংক ড্রাফট করার প্রয়োজন নেই।

০৫/০৯/২০২৫

(আমিনুল ইসলাম বুলবুল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি
পলাশবাড়ী, গাইবান্ধা
unopalashbari@mopa.gov.bd

CamScanner